REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের অগ্রিম বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ১৵০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের নিয়মিত দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবি, এ কুমার পাণ্ডে, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

১২শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৮শে আশ্বিন বুধবার ১৩৩২ ইংরাজী 14th October 1925 | ২৫শে সংখ্যা।

## মুরারি বটিকা।

—:০:—

সর্ব্ববিধ নূতন পুরাতন প্লীহা ও যকৃৎ সংযুক্ত ম্যালেরিয়া জ্বরের অদ্বিতীয় মহৌষধ।

সিভিল সার্জ্জন, এসিষ্টাণ্ট সার্জ্জন ও অন্যান্য ডাক্তারগণ দ্বারা বিশেষ পরীক্ষিত, প্রশংসিত এবং চিকিৎসায় ব্যবহৃত হইতেছে। রোগের উৎপত্তি ও প্রতীকার সম্বন্ধে পরীক্ষার জন্য গভর্ণমেণ্ট কর্ত্তৃক কলিকাতায় স্থাপিত স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন নামক সর্ব্বোচ্চ বিদ্যালয়ের হাসপাতালে রোগীকে মুরারি বটিকা, সেবন করানয় আশ্চর্য্য ফল দর্শিয়াছে এবং মুরারি বটিকা ম্যালেরিয়ার যে সর্ব্বোৎকৃষ্ট ঔষধ তাহা সপ্রমাণিত হইয়াছে। ২০ বটিকার শিশির মূল্য এক টাকা মাত্র ইনজেক্সনের জন্য "সিংহ-সলিউসন" এক মাত্রার ছয় শিশি ১॥০ দেড় টাকা, দুই মাত্রার ছয় শিশি ২॥০ আড়াই টাকা।

বেঙ্গল প্রিজার্ভিং কোম্পানী।

১০নং ডিহি ইটালী রোড, কলিকাতা।

# হিলিংবাম

গত ৩১ বৎসরের পরীক্ষায় **সর্ব্বপ্রকার** মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয় স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমারা পাইয়াছি আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২॥০
" " ছোট শিশি ১৸০

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে বর্ষা পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫॥০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## গুণে গন্ধে সৌরভসম্পদে

## কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন
সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন
মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন
চুল ... কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন
কেশ পতন ব... করে।




কে-শ-র-ঞ্জ-ন
চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন
রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন
শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন
সবারই নিত্য প্রয়োজ

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

## রমণী-রক্ষায় অশোকারিষ্টের মত শ্রেষ্ঠ ঔষধ নাই।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্টে" রমণীরক্ষা হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

| | | |
|---|---|---|
| মূল্য প্রতি শিশি | ... | ১॥০ দেড় টাকা। |
| প্যাকিং ও ডাকমাশুল | ... | ॥৵০ দশ আনা। |

## হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণের অবস্থা এক আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২৮শে আশ্বিন বুধবার ১৩৩২ সাল।

## বিজয়ার কোলাকুলি।

—ঃ০ঃ—

এস গুরুজন আছ যত,
হই সবাকার পদে নত,
লই শিরে তুলি পদ-ধূলি,
করি বিজয়ার কোলাকুলি।

এস সম সাময়িক যারা,
এ যে ভারতের চির ধারা
এস মতভেদ আজ ভুলি,
করি বিজয়ার কোলাকুলি।

এস স্নেহের বাছারা যত,
সব ছুটে এস অবিরত,
স্নেহে বুকে ধরি সবে তুলি,
করি বিজয়ার কোলাকুলি।

এস লাট হ'তে চৌকীদার,
চাই আলিঙ্গন সবাকার,
এস কেরাণী! ঝাঁকা কুলি!
করি বিজয়ার কোলাকুলি।

এস সৌখিন! এস শিকারী!
এস ধনবান! এস ভিকারী!
কাঁধে ল'য়ে ভিক্ষার ঝুলি,
করি বিজয়ার কোলাকুলি।

এস সাহেব! এস শাসক!
এস কোতয়াল—মহাত্রাসক,
এস ফাঁসিয়ারা! এস শূলী!
করি বিজয়ার কোলাকুলি।

এস ডাকাইত! এস তস্কর!
এস বিপ্লববাদী বর্ব্বর!
যারা খাও মদ, গাঁজা, গুলি,
করি বিজয়ার কোলাকুলি।

এস কয়েদী! এস পাহারা!
এস যেখানে আছ যাহারা;
আজ দোষ গুণ গিয়ে ভুলি,
করি বিজয়ার কোলাকুলি।

## পুলিশের বিরুদ্ধে অভিযোগ।

—০—

মালদহের পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট মিঃ প্রায়ারের বিরুদ্ধে রাণাঘাটে ফৌজদারী আদালতে এক গুরু অভিযোগ উপস্থিত করা হইয়াছে। জনৈক প্রত্যক্ষদর্শী সম্ভ্রান্ত ব্যক্তি লিখিয়াছেন, কোন ভদ্রলোক দিঘাপতিয়ার রাজার দূরসম্পর্কীয়া ১৩।১৪ বৎসরের একটি বালিকাকে লইয়া মালদহ হইতে যোগবানী-কলিকাতার যাত্রী গাড়ীতে দ্বিতীয় শ্রেণীতে আসিতেছিলেন। মিঃ প্রায়ার প্রথম শ্রেণীর যাত্রী হইলেও রাত্রি নয়টা দশটার সময় দ্বিতীয় শ্রেণীতে আইসেন এবং উক্ত বালিকাকে প্রথম শ্রেণীতে রাখিবার অনুরোধ করেন। সঙ্গী ভদ্রলোক সে সুবিধা গ্রহণে অস্বীকৃত হইলে মিঃ প্রায়ার নাকি তাঁহাকে গালি দেন এবং মেয়েটীর গায়ে হাত দিতে উদ্যত হয়েন। তখন দ্বিতীয় শ্রেণীর অপর যাত্রী খাঁ বাহাদুর আতাউর রহমান মিঃ প্রায়ারকে বেঞ্চ হইতে টানিয়া তুলেন এবং তাঁহাকে সে কক্ষ পরিত্যাগ করিতে বাধ্য করেন। মিঃ প্রায়ার তখন কলিকাতা না আসিয়াই তাড়াতাড়ি জিয়াগঞ্জে নামিয়া পড়েন। তাড়াতাড়িতে তিনি বন্দুক ফেলিয়া গিয়াছিলেন; তাহা রেল পুলিশে জমা দেওয়া হইয়াছে।

## নারীর লাঞ্ছনা।

—০—

হাওড়ার শিবপুরের থাক দাসের চতুর্দ্দশ বর্ষীয়া কন্যা সরস্বতী দাসীকে হরণ করিয়া লইয়া যাইবার অভিযোগে সেখ রহিম শিয়ালদহের সাব ডেপুটী ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত জে, পি, দাসের এজলাসে অভিযুক্ত হইয়াছে। সরস্বতী আদালতে বলিয়াছে যে, প্রায় ৩ বৎসর পূর্ব্বে তাহার বিবাহ হইয়া[illegible] সম্প্রতি তাহার স্বামী তাহাকে তাড়াইয়া দেয়। ঘটনার দিন সে একটী পাটকলের সম্মুখে খেলা করিতেছিল আসামী তাহাকে হাওড়ায় বায়স্কোপ দেখাইবে বলিয়া একখানি গাড়ীর মধ্যে লইয়া যায় এবং তাহাকে বায়স্কোপে না লইয়া গিয়া পাইকপাড়ার কোন এক মুসলমানের বাড়ীতে লইয়া যায়। তথা হইতে তাহাকে বেলিয়াঘাটায় লইয়া যাওয়া হয় এবং আসামী তাহাকে একখানি ঘরের মধ্যে আটকাইয়া রাখিয়া ত[illegible]র সহি[illegible]বাস করিতে থাকে। একদিন র[illegible] রহিম বাহিরে যাইলে সে তথা হইতে চ[illegible]আসে এবং ২ জন ভদ্রলোকের সাহায্যে পি[illegible]লয়ে ফিরিয়া আসে।

## যক্ষ্মারোগের চিকিৎসা।

—০—

কলিকাতার খ্যাতনামা চিকিৎসক পরলোকগত চন্দ্রমোহন ঘোষের সুশিক্ষিত পুত্র প্রভাস চন্দ্র ঘোষ মহাশয় যক্ষ্মারোগে প্রাণত্যাগকালে যক্ষ্মারোগীদের চিকিৎসার জন্য একটী হাসপাতাল প্রতিষ্ঠাকল্পে সমস্ত সম্পত্তি দান ক'রে যান। তাঁহার নিযুক্ত ট্রাষ্টিরা ঐ সম্পত্তি "কলিকাতা মেডিক্যাল এড এণ্ড রিসার্চ্চ সোসাইটীর হস্তে প্রদান করেছেন। কলিকাতা লাট প্রাসাদ থেকে ৫ মাইল দূরে বালিগঞ্জের নিকট যাদবপুরে ২০ বিঘা জমি কিনে তথায় ৭৫ হাজার টাকা ব্যয়ে একটী স্বাস্থ্যনিবাস নির্ম্মাণ করা হয়েছে। উহার নিকটে ডাক্তার নার্শ, ও রোগীদের জন্য পৃথক বাড়ীও নির্ম্মাণ হয়েছে।

গত ৮ মাস কাল ঐ স্বাস্থ্যনিবাসে যক্ষ্মা রোগীদের চিকিৎসা করা হয়েছে। রোগীর সংখ্যা ক্রমে এত বাড়ছে যে, আর স্থান সংকুলান হয় না। সেইজন্য পূর্ব্বোক্ত জমির পাশে আরও ৩০ বিঘা জমি লওয়ার সঙ্কল্প চলছে। সরকার ঐ জমি দখল করে দেবেন। কিন্তু ঐ জমি ক্রয় করতে তার উপর গৃহ নির্ম্মাণ করতে ১ লক্ষ ৭৫ হাজার টাকা প্রয়োজন।

বাংলা দেশে যক্ষারোগীর সংখ্যা এখন কিরূপ বাড়ছে, তাহা আর কাহাকেও বলে দিতে হবে না। বৎসরে শুধু বাংলার ১ লক্ষ লোক যক্ষারোগে প্রাণত্যাগ ক'রছে। কলিকাতায় মধ্যবিত্ত শ্রেণীর মধ্যে ঐ রোগ খুব বেশী।

কাজেই এই স্বাস্থ্যনিবাস প্রতিষ্ঠাকল্পে সকলের সাহায্য প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে সহৃদয় দেশবাসীর উপর নির্ভর করা ছাড়া প্রতিষ্ঠাতাদের আর অন্য উপায় নাই। ইতি নিবেদক—(স্বাঃ) শ্রীনীলরতন সরকার (সভাপতি)। শ্রীপ্রফুল্লচন্দ্র রায়, শ্রীবিধানচন্দ্র রায়, জে, সি, দত্ত, শ্রীসত্যানন্দ বসু, বি, কে, ঘোষ (কোষাধ্যক্ষ), শ্রীকুমুদশঙ্কর রায় (সেক্রেটরী)।

টাকা-কড়ি সমস্তই কলিকাতা ১০নং রোডন ষ্ট্রীটে মিঃ বি, কে, ঘোষের নিকট পাঠাতে হবে।

## নিলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুরের প্রথম মুন্সেফী আদালত।

নিলামের দিন ২০শে অক্টোবর ১৯২৫।

—ঃ০ঃ—

৪০৩ থাং ডিঃ পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায় দেং বিশারত মণ্ডল দিং দাবি ৩৬৯৶৫ পং গনকর মৌজে রাণীনগর দ্বীপ চর ২৫/১৮৶ কাত ৭৫।২॥ আঃ ৩০০৲

৩৬২ থাং ডিঃ হিরেন্দ্রনাথ রায় দিং দেং হেমন্তকুমার ঘোষ দিং দাবি ১০১।/৩ পং শুলতানউজিয়ান মৌজে পাইকস্তা ৪০/ কাত ২৬॥৵১০ আঃ ৫০৲

৩২ থাং ডিঃ শ্রীশ্রী৺লক্ষ্মীজনার্দ্দন দেব ঠাকুরের সেবাইত শ্রীগুরুচরণ সিংহ দেং আবদুল মজিদ মিঞা দিং দাবি ১৫।০ পং রুকুনপুর মৌজে গোসাইপুর ॥৩॥ কাত ॥৵১৪। আঃ ৬৲

২২৫ থাং ডিঃ সাখোয়াত সেখ দেং হোসেনী সেখ দাবি ২৮৯।৩ পং আসদনগর মৌজে চকসাদিয়া ১/২ কাত পরতামত ১৲১০ আঃ ৪০৲ ২নং লাট পং ঐ মৌজে এনঠ রমাঠ ৫।০ কাত ৩॥/ আঃ ১৫৲ ৩নং লাট পং ঐ মৌজে বেনিয়া ৪॥০ কাত ৩৲৫ আঃ ৩৫৲ ৪নং লাট পং ঐ মৌজে তঃ কুলগাছি ১॥০ কাত ৮৶১৪ আঃ ১৫৲

৩২০ থাং ডিঃ শ্যামাপদ রায় দিং দেং রামলাল পাঁড়ে দিং দাবি ১৮৲ পং আসদনগর মৌজে ভাবকী ৬/ কাত ৩৮০ আঃ ২০৲

৩২৫ থাং ডি ঐ দেং ইলমদ্দি সেখ দাবি ১১॥০ পং আসাদনগর মৌজে পিয়ারাপুর ১॥২ কাত ১॥৶১০ আঃ ১৫৲

৩২৬ থাং ডিঃ ঐ দেং কাদম্বিনী বর্ম্মণ্যা দাবি ১৪৲ পং আসদনগর মৌজে খড়কাটি ৫/০ কাত ২৮৬ আঃ ৫০৲

৩২৭ থাং ডিঃ ঐ দেং আমিরুদ্দি বিশ্বাস দিং দাবি ১৭৫৲ পং আসদনগর মৌজে ভাবকী ১২॥২ কাত ৩/০ আঃ ১৫০৲

৪৫০ থাং ডিঃ অধরচন্দ্র মণ্ডল দেং আয়মন নেসা বিবি দাবি ৪৪॥৵ পং গনকর মৌজে নশীপুর ৯।২ কাত ৮৵৭॥ আঃ ৩৫৲

৪৫১ থাং ডিঃ ঐ দেং বৈদ্যনাথ সাহা দিং দাবি ১৬৮/৫ পং গনকর মৌজে ও তরফ বগড়া ২॥০৮৵০ কাত ৪॥৵১২॥ আঃ ২০৲

৪৫২ থাং ডিঃ ঐ দেং বিষ্ণুপদ রায় দিং দাবি ২০।/০ পং গনকর মৌজে কাশিয়াডাঙ্গা ৩।২। কাত ৩৲৩ আঃ ১০৲

২৭৩ মনি ডিঃ শ্যামাপদ রায় দেং হৃষিকেশ রায় দাবি ৩১০৸৶৬ পং গনকর মৌজে তেঘরি ১২/৩ কাত ১০৸৵ আঃ ২০০৲

২৩৫ মনি ডিঃ শশিভূষণ দাস দিং দেং অশ্বিনী মাঝি দিং দাবি ৬৯৷৶০ পং জোয়ার বিরাহিমপুর মৌজে খিদিরপুর ৭৷৷০ কাত ৩৸০ মধ্যে ৩৸০ বিঘা আঃ ৫০৲

—.—

## চৌকী জঙ্গিপুরের দ্বিতীয় মুন্সেফী আদালত।
## নিলামের দিন ২২শে অক্টোবর ১৯২৫।

—০—

৩৪১ খাং ডিঃ মনমোহিনী দেবী দেং ইয়াদহোসেন সেখ দিং দাবি ৭১৩৲ জেলা মুর্শিদাবাদ কালেকটরীর ১৫৫৬ নং তৌজি পত্তনিস্বত্ব মৌজে শীতলপাড়া ১১৮৲ জমা আঃ ৫০০৲

৩২২ খাং ডিঃ অধরচন্দ্র মণ্ডল দেং মহর সেখ দিং দাবি ৪৸৶৬ পং গনকর মৌজে ও তরফ পাঁচনপাড়া ১৷০ কাত ২৲১০ আঃ ৫৲

২৬৭ খাং ডিঃ শ্রীমতী রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং রামলাল রজক দিং দাবি ৪৩৵৬ পং রুকুনপুর মৌজে শ্রীমন্তপুর ৭১ শতক জমির কাত ৪৷৵৩ আঃ ৪০৲

২৭১ খাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং তড়িৎ-কামিনী দেব্যা দাবি ২৭৸/ পং রুকুনপুর মৌজে শ্রীমন্তপুর ২ একর ৩২ শতক জমির কাত ৭৮৲ আঃ ৩০৲

২৮০ খাং ডিঃ ঐ দেং রাধারমণ দাস দাবি ২৭৸৶৯ পং রুকুনপুর মৌজে বেওয়া ২ একর ৮৫ শতক জমির কাত ৬৷৯

২০৭ খাং ডিঃ শচিন্দ্রনাথ রায় দিং দেং জোহাক আহম্মদ বিশ্বাস দাবি ৭৩৸৯ তঃ মহম্মদনগর ৫/২৷৷ কাত ৫৷১৪৷ আঃ ২৫৲

২৮৮ খাং ডিঃ জ্ঞানেন্দ্রনাথ রায় দিং দেং আতিবুল্যা সেখ দিং দাবি ২৩৸৯ পং কাঁকজোল মৌজে শাখোপাড়া ১২ শতক কাত ২৸৵১০ আঃ ১০৲

২১৫ মনি ডিঃ নবীনচন্দ্র মণ্ডল দেং যোগীন্দ্র মণ্ডল নাবালক দিং দাবি ১৩০৸৶৩ পং কাকজোল মৌজে নাঙ্গলদহি /৩৸০ কাত ৸৶০ আঃ ১৫৲

৩২৯ মনি ডিঃ নাবু বক্স নাদাপ দেঃ বাহার সেখ দিং দাবি ১৩২৷৷৯ পং রাজসাহী মৌজে দিঘড়ী ৷৷২ জমি অ ঃ ৫০৲ ২নং লাট মৌজাদি ঐ ৶৪ কাত ১৷৷ আঃ ৭০৲

৩৫১ মনি ডিঃ লছমিনারায়ণ সেরাওগী দেং মোহন মণ্ডল দাবি ৩৬৷৷৵৩ পং রাজসাহী মৌজে লালপুর ৷৷০ কাত ২৷৷৵০ আঃ ৪০৲

৩৬০ মনি ডিঃ ইন্দ্রচাঁদ সেরাওগী দেং ফেকু সেখ দাবি ৪৮৯৷৷/৯ পং রাজসাহী মৌজে অনুপনগর /৩ কাত ৷৵০ আঃ ১০০৲ বাঁশ ৪ থোপ গুন্তি আন্দাজ ২০০ লেজা। ২নং লাট ঐ মৌজাদি /৪ কাত ২৶৫ ঘর ৩ খান মায় টিনের চাল কপাট চৌকাঠ আঃ ২০০৲ ৩নং লাট পং রাজসাহী মৌজে মহাদেবনগর ১৸২৸ কাত ৫৲ কুলগাছ ৩৫ পেড় আম্র ২ পেড় কাঠাল ২ পেড় পানের বরজ ১টি ১৫ পিনী আঃ ৩০০৲

৪০৮ মনি ডিঃ জোনাব বিশ্বাস দেং আতিবুল্যা বিশ্বাস দাবি ২১০৷৷৶০ পং কুণ্ডরপ্রতাপ মৌজে লালপর ।১ জমি আঃ ১০০৲ ২। ঐ মৌজাদি ৷৷১ কাত ৷৷/১৪ আঃ ১৫০৲

২৯৯ মর্গেজ ডিঃ নবকুমার মিশ্র দেং ফেকু হাজারী দাবি ৩২২৷৵৯ পং রুকুনপুর মৌজে পাঁচগেছিয়া ৪৸০৷০ কাত ৫৵৫ আঃ ৫০৲

৫৬১ মর্গেজ ডিঃ আশ্বিন সেথ দেং আলাম সেথ দিং দাবি ৩৫২৲৬ পং মঙ্গলপুর মৌজে কামালপুর ১/১৷৷ কাত ১৷৷৶০ আঃ ১২৫৲ ২নং লাট পং কুণ্ডরপ্রতাপ তরফ কাকড়িয়া ১৷০ জমি আঃ ৭৫৲ ৩নং লাট ঐ মৌজাদি ১৷০ কাত ৸১০ আঃ ১০০৲

———




# সালসা

## খেতে কোন হাঙ্গামা নাই

### অনুপান—গরম দুধ ; অভাবে গরম জল।

**মাত্রা** — পূর্ণ বয়স্কের এক দাগ, ৬ হইতে ১২ বৎসর পর্য্যন্ত অৰ্দ্ধ দাগ, অনূ্যন বয়স্কের ৫।৭ বিন্দু হইতে সিকি দাগ।

**ব্যবহার বিধি** — কালেস ও বৈকালে এক দাগ করিয়া সুরবল্লী কষায় এক ছটাক আন্দাজ গরম দুধ ঠাণ্ডা করিয়া ঐ দুধের সহিত খাইতে হয়। দুধ অভাবে গরম জল ব্যবহার করা চলে।

**পথ্যাপথ্য** — পুরাতন চালের ভাত, কিম্বা রুটী বা লুচি এবং ছোট মাছ ; মুগ, ছোলা বা অড়হর ডাল ; পটল, আলু, বেগুণ, ডুমুর, ঝিঙ্গা, উচ্ছে, কাঁঠাল বিচি, কাঁকুড়, থোড়, মোচা, ওল, মানকচু, এঁচোড়, মটরশুটি, কপি প্রভৃতির ব্যঞ্জন সুপথ্য। তৈলপক্ক ব্যঞ্জন অপেক্ষা ঘৃতপক্ক ব্যঞ্জন ; সাধারণ নুনের পরিবর্ত্তে সৈন্ধব নুন ; অল্প মিষ্টে প্রস্তুত সকল রকম ঘৃতপক্ক খাবার—লুচি, মোহনভোগ, গজা, মেঠাই, মাখন, মিছরি, বেদানা, পেস্তা, বাদাম, কিসমিস, আঙ্গুর, খোবানী, এবং সুপক্ক ফল আম, পানিফল, ইত্যাদি বিশেষ উপকারী।

**সাধারণ নিয়ম** — প্রয়োজন মত গরম জলে স্নান করা। গায়ে একটী জামা সর্ব্বদা রাখিলে ভাল হয়। সর্ব্বদা পরিষ্কার পরিচ্ছন্ন ও প্রফুল্ল চিত্তে থাকা, কোষ্ঠ পরিষ্কার রাখা ও সুনিদ্রার প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য।

**নিষিদ্ধ** — [illegible] ও [illegible] পালনোপযোগী নিয়মাদি সুরবল্লী কষায় ব্যবহার-বিধি পুস্তকে বিস্তারিত লেখা আ[illegible]

# সুরবল্লী কষায়

সেবনে বাত, সর্ব্বপ্রকার রক্তদুষ্টি ও চর্ম্মরোগ, যাবতীয় দুষ্টক্ষত, শারীরিক দৌর্ব্বল্য প্রভৃতি দূরীভূত হয়। উদ্ভিজ্জ দ্রব্য প্রস্তুত, খাইতে সুস্বাদু। সকল বয়সে এবং সকল ঋতুতে নির্ব্বিঘ্নে ব্যবহার করিতে পারা যায়।

══ এক শিশি ১৷৷০ টাকা ══ ডাকমাশুল ৷৶০ আনা ══

## সি, কে, সেন এণ্ড কোং লিমিঃ

২৯ নং কলুটোলা ষ্ট্রীট
—কলিকাতা—



## পণ্ডিত প্রেস।

এই প্রেসে জমিদারী সেরেস্তার চেক, দাখিলা, আরজী, ওকালতনামা, নিমন্ত্রণ পত্র, বিবাহের প্রীতি-উপহার, স্কুলের প্রশ্নপত্র, বেতন আদায়ের রসিদ, ট্রান্সফার সার্টিফিকেট, সেটেলমেণ্টের নানারকম ফরম প্রভৃতি যাবতীয় ছাপার কাজ নূতন অক্ষরে সুলভে ও সত্বর হইয়া থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

কার্য্যাধ্যক্ষ পণ্ডিত প্রেস।
রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ।)

ডাঃ এন, এল, পালের
## সুদর্শন সার।
( সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র )

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৸০ বার আনা

ডাঃ নন্দলাল পাল।
রঘুনাথগঞ্জ।

## বিজলী।
সাপ্তাহিক পত্রিকা

প্রবন্ধ গৌরবে, গল্প সম্পদে ও সাময়িক আলোচনায় 'বিজলী' বর্ত্তমানে বাঙ্গালার শ্রেষ্ঠ সাপ্তাহিক। বার্ষিক মূল্য ৩৷০ আনা নিম্ন ঠিকানায় টাকা মনি-অর্ডার করুন।

ম্যানেজার—'বিজলী'
১৪এ, শরৎ ঘোষের ষ্ট্রীট
ইটালি, কলিকাতা।

## কয়েকটী অতুলনীয় মহৌষধ।

মনি তৈল—কেশ ব্যাধির জন্য।

বাতগজকেশরী তৈল—বাতের জন্য।

কর্ণ তৈল—কর্ণ ব্যাধির জন্য।

বাজীকরণ তৈল—গোপনস্থানের দোষের জন্য।


মনি মলম—দাদের জন্য।

শ্বেতকুষ্ঠ গুটিকা—শ্বেতকুষ্ঠের জন্য।

আমাদের বহিঃপ্রয়োগের ও সেবনের ঔষধাবলী অত্যন্ত ফলপ্রদ ও ভারতবর্ষ, ব্রহ্মদেশ, সিংহল, ষ্ট্রেইট্ সেটেল্‌মেন্ট প্রভৃতি স্থানের প্রতি গৃহের ঔষধ ভাবে সুপরিচিত। এই ঔষধ সমূহের একটী তালিকার জন্য নিম্নলিখিত ঠিকানায় এক খানা কার্ড লিখুন।

আতঙ্ক নিগ্রহ ঔষধালয়।
২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকা

## ইলেক্ট্রিক সলিউসন্




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকায় সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১॥০ দেড় টাকা।

সোল এজেন্ট—ডিঃ ডিঃ হাজরা।
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-কনের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৵০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৵০ এক টাকা পাঁচ আনা

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৵০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।


## মিল্‌ক অব্ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৵০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাটি ঔষধ অন্যত্র দুর্লভ।
রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা

১নং। দামোদর সুধা।ঃ— মূল্য ॥৵০
ম্যালেরিয়া ও সর্ব্ববিধ পুরাতন জ্বরের মহৌষধ। মাশুলাদি স্বতন্ত্র




২নং বিনা অস্ত্রে আরোগ্য
অপেরীণ।ঃ—
বাগী, ফোঁড়া, ঠুন্‌কা, উরুস্তম্ভ, শীত্‌লী ব্রণ, কাকবিড়ালী, পৃষ্ঠব্রণ এমন কি আব (Tumour) প্রভৃতি প্রথম অবস্থায় বাহ্য প্রয়োগে বসিয়া যাইবে, এবং বিলম্বে লাগাইলে আপনি ফাটিয়া যায়।
মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ॥০ আনা।

৩নং। স্পিরিট ক্যাম্ফর ঃ—ওলাওঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ।৵০ আনা একত্রে ৩ শিশি ১৲

৪নং। একজিন ঃ—একজিমা বা কাউরের একমাত্র মলম। মূল্য ॥০ আনা।

ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।
ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ. কলিকাতা।